



কুমিল্লা সিটি কর্পোরেশন
কুমিল্লা
www.cocc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র
ফোন : ০৮১-৭৬০৯৯
ফ্যাক্স : ০৮১-৬২৮০০

স্মারক নং কুসিক/প্রশা:/অ:আ:/২০১৭/ ১৩২৯ (৯২)

তারিখ: ০৫/০৭/১৭ খ্রি:

বিষয়: কুমিল্লা সিটি কর্পোরেশনের সংরক্ষিত আসনের কাউন্সিলরগণ কর্তৃক মৃত ব্যক্তির উত্তরাধিকার, জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র প্রদান সংক্রান্ত

সূত্র : সিটি কর্পোরেশন(কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা)বিধিমালা ২০১২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন(কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা)বিধিমালা ২০১২এর বিধি-৩(৩) এ কাউন্সিলরগণের দায়িত্ব ও কার্যাবলীতে মৃত ব্যক্তির উত্তরাধিকার, জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র প্রদান উল্লেখ আছে। কিন্তু একই বিধিমালার বিধি-৪ এ সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব ও কার্যাবলীতে মৃত ব্যক্তির উত্তরাধিকার, জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র প্রদান উল্লেখ নেই। সম্প্রতি কয়েকজন সম্মানিত কাউন্সিলর এ মর্মে মৌখিক অভিযোগ করেন যে, কোন কোন সংরক্ষিত আসনের কাউন্সিলর জাতীয়তা এবং উত্তরাধিকার সনদ ইস্যু করছেন, যা বিধি বহির্ভূত এবং অবিলম্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তারা অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরগণকে মৃত ব্যক্তির উত্তরাধিকার, জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের নিকট সংরক্ষিত মৃত ব্যক্তির উত্তরাধিকার, জাতীয়তা ও চারিত্রিক সনদপত্রের বহিঃসমূহ অবিলম্বে সিটি কর্পোরেশনে ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।

মো: মনিরুল হক সাদ্দু
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন

বেগম.....
কাউন্সিলর, সংরক্ষিত আসন (.....)
কুমিল্লা সিটি কর্পোরেশন

স্মারক নং কুসিক/প্রশা:/অ:আ:/২০১৭/ ১৩২৯/২(৪০)

তারিখ: ০৫/০৭/১৭ খ্রি:

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন
- ২। জনাব..... কাউন্সিলর, ওয়ার্ড নং..... কুমিল্লা সিটি কর্পোরেশন
- ৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন
- ৪। ভান্ডার কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন
- ৫। অফিস কপি/আদেশ নথি

মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন